

16

**চট্টগ্রাম ভাসিটির
সিনেট নির্বাচন
প্রস্তুতি ॥ তীব্র
প্রতিক্রিয়া**

চট্টগ্রাম অফিস ॥ চট্টগ্রাম বিশ্ব-বিদ্যালয়ের সিনেটে শিক্ষক প্রতিনিধি নির্বাচন আগামী ১৮ এবং ১৯ নভেম্বর অনুষ্ঠিত হইবে। এই ব্যাপারে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ শীঘ্রই আনুষ্ঠানিক ঘোষণা দিতেছে। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সিনেটে শিক্ষক প্রতিনিধিদের গভঃ (২য় পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

**চট্টগ্রাম ভাসিটি সিনেট
(১ম পৃঃ পর)**

নির্বাচন অনুষ্ঠিত হয় ১৯৮৬ সনের এপ্রিল মাসে নিয়মানুযায়ী পরবর্তী নির্বাচন হওয়ার কথা ছিল ৯০ সনে। বিশ্ববিদ্যালয়ের সিনেটের নিয়মানুযায়ী বিভিন্ন ক্যাটাগরীর ৩৩ জন শিক্ষক প্রতিনিধি সরাসরি নির্বাচিত হইয়া আসেন। ইহাছাড়া একাডেমিক কাউন্সিলের সদস্যদের মধ্য হইতে একজন সিনেটের জন্য নির্বাচিত হন।

সিনেটে শিক্ষক প্রতিনিধি নির্বাচনের ঘোষণা লইয়া শিক্ষকদের মধ্যে মিশ্র প্রতিক্রিয়া পরিলক্ষিত হইতেছে। সিনেটে শিক্ষক প্রতিনিধি অধ্যাপক হায়াত হোসেন বলেন, রেজিষ্টার্ড গ্রাজুয়েট নির্বাচন ছাড়া বর্তমানে সিনেটে শিক্ষক প্রতিনিধি নির্বাচন দেওয়া প্রহসনমূলক। সিনেটে রেজিষ্টার্ড গ্রাজুয়েট নির্বাচন এবং শিক্ষক প্রতিনিধির নির্বাচন এক সপ্তাহের ব্যবধানে হইয়া থাকে। কিন্তু রেজিষ্টার্ড গ্রাজুয়েটদের রেজিষ্ট্রেশনের শেষ তারিখ মধ্য ডিসেম্বর রাখায় তাহাদের নির্বাচন অনুষ্ঠিত হইতে আরো ৬/৭ মাস সময় লাগিবে। নাম প্রকাশে অনিচ্ছুক একজন শিক্ষক বলেন, এই নির্বাচন দূরভিত্তিকমূলক। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক আবুল কাশেম বলেন, বিষয়টি এইমাত্রে শুনিলাম। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সাবেক প্রো-ভিসি অধ্যাপক আলী ইমদাদ খান এই ব্যাপারে বলেন, রেজিষ্টার্ড গ্রাজুয়েট প্রতিনিধি এবং শিক্ষক প্রতিনিধি নির্বাচন একই সাথে হওয়া উচিত এবং নির্বাচন দুইটি অনেক আগেই দেওয়া উচিত ছিল। একটি সূত্র জানায়, গত সপ্তাহে বিশ্ববিদ্যালয়ে প্রতাবশালী ছাত্র-সংগঠনের কেন্দ্রীয় ছাত্র নেতৃবৃন্দ এবং মুরব্বী সংগঠনের নেতৃবৃন্দের সহিত ভিসির এক বৈঠকের পর নির্বাচনের সিদ্ধান্ত হয়।